



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

পূর্ব ঘোলশহর ওয়ার্ডে সুদ উপহার বিতরণকালে মেয়র

জীবনকে ঝুঁকিতে ফেলে জীবিকার জন্য মৃত্যুকে হাতছানি দেয়া যায় না

চট্টগ্রাম-০৭ মে' ২০২১খ্রি:

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, জীবন সবচেয়ে বড় এবং জীবিকাকেও খাটো করে দেখার অবকাশ নেই। আমাদের দেশের বেশিরভাগ মানুষের এমন কোন সংশয় নেই, যা দিয়ে জীবন কাটিয়ে দিতে পারবে। তাই বিষয়টিকে গুরুত্ব দিয়ে সরকার ফেত্র-বিশেষে এই লকডাউন শিথিল করেছে। লকডাউন শিথিল মানে এই নয় যে, জীবনকে ঝুঁকিতে ফেলে জীবিকার জন্য মৃত্যুকে হাতছানি দেবো। তিনি আজ শুক্রবার ৬নং পূর্ব ঘোলশহর ওয়ার্ডের এক কিলোমিটারস্থ একটি কমিউনিটি সেটারে সুদ উপহার সামগ্রী বিতরণ কর্মসূচীতে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন। ওয়ার্ড কাউন্সিলর এম. আশরাফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহামুদ, প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি সামসুল আলম, ইঞ্জি. সেলিম উদ্দ্বাহ, কফিল উদ্দীন, কাবেদুর রহমান, কুতুব উদ্দীন, মাহাবুব আলম, আমিন উদ্দীন, মো. হোসেন, নজরুল ইসলাম, ফরিদুল আলম প্রযুক্তি।

তিনি আরো বলেন, আমরা এখন করোনা যুদ্ধে আছি, এই যুদ্ধে বিজয়ের প্রধান অস্ত্র হল মাস্ক পরিধান করা ও সামাজিক দূরত্ব বজায় রাখা। তিনি সকলকে সরকার ও বিশ্বস্থান্ত্র সংস্থা ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য আহ্বান জানান।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

১১নং দক্ষিণ কাটলী ওয়ার্ডে ইফতার সামগ্রী বিতরণকালে মেয়র

করোনাকালে নিজের এবং অন্যের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে

চট্টগ্রাম-০৭ মে' ২০২১খ্রি:

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, রমজান মাস সিয়াম সাধানার মাস। আল্লাহর হৃকুমে এই রোজাকালেও করোনা সংক্রমণের ভয়ে আমরা দিনযাপন করছি। আমাদের দেশটি একটি জনবহুল দেশ। সবাই আশংকা করেছিল করোনার ছোবলে আমরা বিপর্যস্ত হয়ে যাবো, হাজার হাজার মানুষের মৃত্যু হবে। কিন্তু আল্লাহর রহমতে এবং আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী পদক্ষেপের কারণে আমরা উল্লিখ দেশগুলোর তুলনায় অনেক ভাল অবস্থানে আছি। করোনাকাল ১৪ মাস অতিবাহিত হলেও না থেয়ে কারো মৃত্যু ঘটে নাই। সরকারের পক্ষ থেকে প্রত্যেক সেট্টের খেটে খোওয়া ও কর্মহীন মানুষদের জন্য আর্থিক প্রনোদনা ও ত্রাণের মাধ্যমে সহযোগিতা করা হয়েছে বলেই পরিস্থিতি আজ পর্যন্ত এই অবস্থা আছে। তিনি করোনাকালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সরকারি নির্দেশনা মেনে চলে নিজের এবং অন্যের স্বাস্থ্য সুরক্ষার আহ্বান জানান। ১১নং দক্ষিণ কাটলী ওয়ার্ডে কর্মহীন মানুষদের মাঝে ইফতার সামগ্রী তুলে দিতে গিয়ে এ কথা বলেন। ওয়ার্ড কাউন্সিলর অধ্যাপক মো. ইসমাইলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব আসলাম হোসেন সওদাগর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর হুরে আরা বেগম, বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব মো. সেলিম, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা মো. হানিফ উল ইসলাম, নবাব আলি মিয়া, গোলাম সামদানী জনি, আখতারজামান চৌধুরী, মো. ইমন, মো. হানিফ প্রযুক্তি।

তিনি আরো বলেন, জীবন-জীবিকার চাকা সচল রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রাণস্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এই প্রচেষ্টার সাথে আওয়ামী লীগ এবং আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা যুক্ত হয়ে করোনা যুদ্ধে জয়ী হতে হবে।

চান্দগাঁও এলাকায় ঈদ উপহার সামগ্রী বিতরণকালে ঘেয়ের

জনগণের পাশে থাকাই এখন বড় রাজনীতি

চট্টগ্রাম-০৭ মে' ২০২১ধ্রি:

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ঘেয়ের মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, এখন অন্য কোন রাজনীতি নয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে জনগণের পাশে থাকাই আওয়ামী লীগের রাজনীতি। বাংলাদেশে করোনা মহামারীর শুরু থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে ও সময়োচিত পদক্ষেপের কারণে মহামারীতে গত ১৪ মাসে কেউ অনাহারে মৃত্যুবরণ করেনি। তিনি করোনা ভাইরাসে সংকটে পড়া কর্মহীন, ছিমুল ও অসহায় মানুষের পাশে দাঁড়ানোর জন্য বিভিন্নদের এগিয়ে আসার আহ্বান জানান। আজ বিকেলে ৪২ চান্দগাঁও ওয়ার্ডের বহুদারহাটস্থ একটি কনভেনশন হলে ঈদ উপহার সামগ্রী বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান। ওয়ার্ড কাউন্সিলর এসরার উল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন প্যানেল ঘেয়ের মো. গিয়াসউদ্দীন, ওয়ার্ড আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এড. আইয়ুব খান, সাবেক কাউন্সিলর নুরুল হুদা লালু, ওয়ার্ড নেতা নূর মো. খোকন, মেজবাহ উদ্দীন মঙ্গনু, মহিউদ্দিন ফরহাদ, মাহফুজুর রহমান মানিক ও গাউচিয়া কমিটির সাধারণ সম্পাদক আলহাজ্জ মো. আব্দুল্লাহ।

তিনি আরো বলেন, আওয়ামী লীগ নেতাকৰ্মীরা সকল দুর্ভোগ-দুর্বিপাকে জনগণের পাশে দাঢ়াতে সদা প্রস্তুত আছে বলে জানান।

এনায়েত বাজার ওয়ার্ডে ইফতার ও সেহেরী সামগ্রী বিতরণকালে ঘেয়ের

সবাইকে শতভাগ মাস্ক পরিধানে নিশ্চিত করতে হবে

চট্টগ্রাম-০৭ মে' ২০২১ধ্রি:

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ঘেয়ের মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনা মোকাবেলায় মাস্ককে বড় অস্ত্র মনে করতে হবে। তাই সবাইকে শতভাগ মাস্ক পরিধানে নিশ্চিত করতে হবে এবং দলের নেতা কর্মীদের পাড়ায়, মহল্লায় ক্যাম্পেইনের মাধ্যমে ঘরে ঘরে সচেতনতার দূর্ঘ গড়ে তুলতে হবে। বিশেষজ্ঞদের মতে ভারতে দ্বিতীয় টেক্সের পর, তৃতীয় টেক্স আরো ভয়াবহ হতে পারে বলে ধারণা করা হচ্ছে। যে কারণে সকল সীমাবদ্ধতাকে মানিয়ে নিয়ে সবাইকে সর্তক থাকতে হবে। তিনি আজ এনায়েত বাজার ওয়ার্ডে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এই আহ্বান জানান। ওয়ার্ড কাউন্সিলর মো. সলিম উল্লাহ বাচুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন বারকাউন্সিলের সাবেক সদস্য ও মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি এড. ইব্রাহিম হোসেন বাবুল, মহানগর আওয়ামী লীগের সম্পাদক মঙ্গলীর সদস্য এড. ইফতেখার সাইমুল চৌধুরী, প্যানেল ঘেয়ের ও কাউন্সিলর মো. গিয়াসউদ্দীন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর নিলু নাগ, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা মো. ইসমাইল মনু প্রমুখ।

তিনি আরো বলেন, জীবন সবার আগে। বেঁচে থাকলে আত্মীয়-স্বজনের সাথে দেখা হবেই। তাই জীবনের ঝুঁকি নিয়ে ঈদ উপলক্ষে সবাই ছোটাছুটি না করে যে যেখানে আছেন সেখানেই থেকে ঈদটা উদ্যাপন করতে হবে।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন,

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩